R. N. No. 2532/57 Ph. : 66228 (P.), 67228 (Resi.)/STD 03483 P. Regd. No. Tech./WB/RNP 214/2002

মার্বেল সেণ্টার
প্রযত্নে—উল ভাণ্ডার
রঘুনাথগঞ্জ ফুলতলা
(রাজা মার্কেট)
মার্বেল, গ্লেজড টালি, কাঁচ,
প্লাই, পাম্প, মোটর, পাইপ ও
SINTEX দরজা সরবরাহকারী
ফোন : ৬৬৩৯৯

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
(মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত)
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৯শ বর্ষ
১৩শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৮শে শ্রাবণ, বুধবার, ১৪০৯ সাল।
১৪ই আগষ্ট, ২০০২ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক : ৫০ টাকা

## প্রাইভেট প্র্যাকটিসের চাপে রাত ৮ টার আগে ডাক্তাররা হাসপাতালে ওটি চালু করেন না

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর মহকুমা হাসপাতালের ডাক্তারদের মধ্যে বর্তমানে অর্থ রোজগারের নগ্ন প্রতিযোগিতা চলছে। এর ফলে মুমূর্ষু রোগীরা বারপরনাই অবহেলায় কষ্ট পাচ্ছেন, বিনা চিকিৎসায় মারা যাচ্ছেন, অনেক রোগীকে খেয়ালখুশি মতো ডাক্তাররা বহরমপুর পাঠিয়ে দিয়ে হাল্কা হচ্ছেন। প্রাইভেট প্র্যাকটিস ও নার্সিং হোমের চাপে রাত ৮ টার আগে কোন ডাক্তারই ওটিতে ঢুকছেন না। এর ফলে সকালে ভর্তি হওয়া রোগী সারাদিন বেডে বা মাটিতে পড়ে থেকে যন্ত্রণা ভোগ করছেন। এক অসহনীয় অবস্থা চলছে জঙ্গিপুর হাসপাতালে। এই সব অনিয়ম বন্ধ করতে হাসপাতালে সম্প্রতি একটা মনিটরিং কমিটি তৈরী হলেও অর্থ পিশাচ ডাক্তারদের মানসিকতার কোন পরিবর্ত্তন হয়নি। সাম্প্রতিক দুটো ঘটনা তারই পরিচয় দিচ্ছে। গত মাসে জঙ্গিপুর বরজের সিরাজুল সেখের স্ত্রী নাজেমা বিবিকে ডাঃ প্রদীপ ঘোষের তত্ত্বাবধানে ভর্তি করা হয়। ডাক্তারবাবু নাজেমার হিসটেকটমি অপারেশনের প্রয়োজনে রক্ত, ইসিজি ইত্যাদি করার নির্দেশ দেন। যথারীতি সব কিছু পরীক্ষার রিপোর্ট ডাক্তারের কাছে জমা দেবার পর ডাঃ ঘোষ মিনারাকে বহরমপুর নিয়ে যাবার পরামর্শ দেন। এই নিয়ে রোগিণীর আত্মীয়স্বজন এক কাউন্সিলারের নেতৃত্বে ভারপ্রাপ্ত সুপার ডাঃ তাপস রায়কে ঘেরাও করেন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে গত ৬ আগষ্ট হাসপাতালে একটা মেডিক্যাল বোর্ডও বসে। এর পরই গত ৮ আগষ্ট বিকেলে বীরভূমের পাইকর থেকে এক গর্ভবতীকে এখানে ভর্তি করা হয়। নাম মিঠু রায়। ভারপ্রাপ্ত বিতর্কিত ডাক্তার প্রদীপ ঘোষ প্রসব বেদনা বাড়ানোর জন্য মিঠুদেবীকে দুটি ইনজেকশন দেন। এরপর প্রসব বেদনায় গর্ভবতী কাহিল হয়ে পড়েন। রাত ১০ টার আগে সিজার করা হবে না জানিয়ে গর্ভবতীকে বহরমপুর পাঠিয়ে দেয়া হয় এখান থেকে। এদিকে গভীর রাতে বহরমপুর মাতৃসদনের মেন গেট তালা বন্ধ থাকায় বা নৈশ প্রহরীর কোন সন্ধান না পাওয়ায় গর্ভবতীকে নিয়ে তার স্বামী স্কুল শিক্ষক রূপলাল রায় গেটের মুখে অপেক্ষা করতে করতে মিঠু ওখানেই স্বাভাবিকভাবে সন্তান প্রসব করেন। উল্লেখ্য, গত ২৬ জুন জঙ্গিপুর পুর এলাকার ধনপতনগরের সখাই মন্ডলের গর্ভবতী স্ত্রী লতিকে জঙ্গিপুর হাসপাতালে ডাঃ হায়দার নওয়াজের তত্ত্বাবধানে ভর্তি করা হয়। অভিযোগে প্রকাশ, লতি গর্ভ যন্ত্রণায় সারাদিন কষ্ট পেলেও ডাক্তার বা দায়িত্বপ্রাপ্ত নার্সরা তাঁর কোন চিকিৎসা করেননি। সম্পূর্ণ অবহেলায় লতি পরদিন সেখানে মারা (শেষ পৃষ্ঠায়)

## সাগরদীঘির গ্রামে এক সমাজ-বিরোধীকে নৃশংসভাবে হত্যা

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি থানার বালিয়া গ্রাম পঞ্চায়েতের বংশীয়া গ্রামের গোপেন ঘোষ (৩০) গত ৬ আগষ্ট সন্ধ্যে সাতটা নাগাদ গ্রামের মধ্যেই নৃশংসভাবে খুন হয়। প্রথমে তাকে লাঠি মেরে কাহিল করে পড়ে হেঁসো দিয়ে কুপিয়ে হত্যা করা হয়। কয়েক বছর আগে গোপেনের সাকরেদও খুন হয়। জানা যায় গোপেন ঘোষ ঐ অঞ্চলের একজন কুখ্যাত সমাজ-বিরোধী ছিল। তার নামে বিভিন্ন থানায় বহু অভিযোগ আছে। ১৯৯৫ সালে গ্রামবাসীর বাড়িতে আগুন লাগানোয় সে গ্রেপ্তার হয়। ’৯৬ সালে (শেষ পৃষ্ঠায়)

## গেরুয়াধারী সাধু না প্রতারক ?

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর পুর-সভার ধনপতনগর গ্রামের গোরাচাঁদ মন্ডলের ছেলে সাধু প্রায় উনিশ বছর আগে গৃহ-ত্যাগী হন। তখন তার বয়স ছিল তের বছর। দীর্ঘ বছর পর গত সপ্তাহে কয়েক-জন সাকরেদ নিয়ে এক গেরুয়াধারী সন্ন্যাসী ধনপতনগরে এসে নিজেকে সাধু মন্ডল পরিচয় দেন। এই ঘটনায় গ্রামে হৈ-চৈ পড়ে যায়। বর্তমানে সাধু তার অযোধ্যার আশ্রমের জন্য পনের হাজার টাকা মা-ভায়েদের কাছে দাবী করেন। সাধুর বাবা গোরাচাঁদ মন্ডল বছর (শেষ পৃষ্ঠায়)

বিশেষ আকর্ষণ—৪০০ থেকে ৭০০ টাকায় মুর্শিদাবাদ সিল্ক শাড়ী



মির্জাপুরের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান নিরঞ্জয় বাঘিড়া এণ্ড সন
(নিরঞ্জয় বাঘিড়া প্রথম ঘর) (প্রোঃ নিরঞ্জয় বাঘিড়া
সব রকমের সিল্ক শাড়ী, কাঁথাষ্টিচ, তসর ও কোড়া থান, কোরিয়াল, জামদানী, জোড় এবং ব্যাঙ্গালোরের মোহিনী হর্ডার শাড়ী পাইকারী দরেই খুচরো বিক্রী করা হয়। এছাড়া ১৭৫ থেকে ২০০ টাকার মধ্যে নানা ডিজাইনের চুড়িদার পাওয়া যাচ্ছে। পরীক্ষা প্রার্থনীয়।
মির্জাপুর, পোঃ গনকর (মুর্শিদাবাদ) ফোন : এসটিডি ০৩৪৮৩ / ৬২১২৯

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

**জঙ্গিপুর সংবাদ**

২৮শে শ্রাবণ বুধবার, ১৪০৯ সাল।

## ॥ শ্রাবণের দাবদাহ ॥

"........ঝরিছে শ্রাবণধারা।" না, শ্রাবণধারা অন্তর্হিত ; বলা ভাল, ঝরিছে অনলধারা। ঋতুচক্রে বলা হয়, আষাঢ়-শ্রাবণ বর্ষাকাল। কিন্তু প্রায়-অন্তিম শ্রাবণেও বর্ষার সঙ্গীতে—"শ্রাবণ-সন্ন্যাসী রচিছে রাগিণী", অথবা 'ভয়ার্ত' যামিনী উঠিছে ক্রন্দিয়া, নাচিছে যেন কোন প্রমত্ত দানবে। মেঘের দুর্গের দুয়ার হানিয়া।" থাকিলেও বর্তমান বর্ষের শ্রাবণে তাহা পরিহাসের মত।

শুধু পশ্চিমবঙ্গ নহে, সারা ভারতে অনেক রাজ্য এই বৎসর খরা কবলিত। দীর্ঘদিন হইতে বৃষ্টি নাই। অগ্নিবর্ষী আকাশের দিকে চাহিয়া থাকিবার উপায় নাই। আখ, আমনধান প্রভৃতির চাষে চরম বাধা। এখন তৈলবীজ কিংবা অন্যান্য সব্জির চাষ সম্বল বলিয়া মনে হয়। এই রাজ্যেও বাঁকুড়া ও পুরুলিয়া জেলা খরার করাল কবলে পড়িয়াছে। অপরাপর কিছু কিছু জেলাতে বৃষ্টির দৈন্য আছে ; কিন্তু উল্লেখিত দুইটি জেলার অবস্থা শোচনীয়। খরা ত্রাণে প্রাথমিক ভাবে রাজ্য সরকারের বরাদ্দকৃত পাঁচ কোটি টাকা কতটুকু স্বস্তি আনিয়া দিবে, বলা কঠিন। এই দুই জেলায় ইতিপূর্বে যে অপ্রচুর বৃষ্টি হইয়াছে, তাহাতে ২০ শতাংশ জমিতেও চাষাবাদ হয় নাই। শ্রাবণের অন্তিমলগ্নে ও ভাদ্রে বৃষ্টি হইলে কার্যকরী আবাদ আদৌ হইবে না। জলাভাবে ক্ষুদ্র সেচ বিপর্যস্ত হইয়াছে।

জঙ্গিপুর মহকুমায় দীর্ঘ গ্রীষ্মে যথেষ্ট সমস্যা। সকাল এগারটার পর বাড়ির বাহির হওয়া অত্যন্ত কষ্টসাধ্য ব্যাপার হইতেছে। ধানচারা যাহা বেশ বাড়িয়া উঠিয়াছে, তাহা জলাভাবে জমিতে বসান যাইতেছে না ; পূর্বের রোয়া ধানচারা জলাভাবে ধুঁকিতেছে। জলাধারগুলি বৃষ্টির অভাবে জল সরবরাহ করিতেছে না। বিদ্যুতের চরম বিপর্যয়ে সেচের জন্য পাম্প চালান সম্ভব হইতেছে না। খালেবিলে পাট পচাইবার অনুকুল অবস্থা পাওয়া সুকঠিন হইয়া পড়িবে। রুদ্র প্রকৃতির জ্বলন্ত আত্মপ্রকাশে মানুষ দিশাহারা।

খবরে প্রকাশ, রাজ্যের অর্থমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সহিত বৈঠকে মিলিত হইয়া পশ্চিমবঙ্গের খরাত্রাণের জন্য অর্থের দাবী করিবেন। কেন্দ্র রাজ্যের প্রতি দাক্ষিণ্য প্রদর্শন করিলে মঙ্গল। কৃষির ক্ষতির জন্য কাজ পাওয়ার দারুণ সমস্যা। চাষীর সকাতর প্রার্থনা—"আল্লা, ম্যাঘ্ দে পানী দে," সুরলোকে পেঁছাইতেছে না। দিনের দিন অবস্থা এমন দাঁড়াইতেছে যে, বৃষ্টির অনিয়ম ও অপ্রতুলতায় সুজলা সুফলা পশ্চিমবঙ্গ নির্জলা নিষ্ফলা হইয়া পড়িবে। নাকি এই উদ্ভূত পরিস্থিতির জন্য বিভিন্ন মহাকাশ সংক্রান্ত কার্যাবলীর বিশেষ ভূমিকা রহিয়াছে ?

## স্মৃতির জলছবি ঃ শ্রুতি ও স্মৃতি

সুমন পাঠক

স্বাধীন সান্যালের 'শ্রুতি ও স্মৃতি' গ্রন্থখানি ২৫টি লেখার সংকলন। লেখক পেশায় আইনজীবি। তাঁর পিতৃদেব প্রথিতযশা আইনজীবি প্রয়াত শশাঙ্কশেখর সান্যাল। আইন ব্যবসা তাঁদের চার পুরুষের। তা ছাড়া তাঁর পিতৃদেব ছিলেন তৎকালীন কেন্দ্রীয় আইন সভার অবিভক্ত প্রেসিডেন্সী বিভাগের কংগ্রেস প্রতিনিধি। তাঁর ব্যক্তিত্বের আকর্ষণে তাঁদের বহরমপুরের বাড়িতে এসেছেন নানা গুণী জ্ঞানী, অনেক বড় মাপের মানুষ। তাঁদের মধ্যে কেউ হলেন রাজনৈতিক ব্যক্তিত্ব, কেউ সাহিত্যিক, কেউ আবার আধ্যাত্মিক জগতের মানুষ আর কেউ ঐতিহাসিক ব্যক্তিত্বের অধিকারী এমন সব। তাঁদের সমাগমে এবং তাঁদের পাদস্পর্শে সেই বাড়ি পুণ্যভূমিতে পরিণত হয়েছে।

বরণীয় ব্যক্তিদের স্মরণীয় কথা আর স্মৃতি নিয়ে গাঁথা এই সংকলন। গ্রন্থ রচনায় শুধু শ্রুতি আর স্মৃতি নয়, তার সঙ্গে যুক্ত হয়েছে লেখকের চাক্ষুষ অভিজ্ঞতা, তাঁদের সঙ্গ সান্নিধ্য এবং অন্তরঙ্গতা লাভের দুর্লভ সুযোগ। উৎসর্গপত্রে শ্রীসান্যাল লিখেছেন ঃ সাহিত্যিক খ্যাতি অর্জনের জন্য এই লেখাগুলি সংকলিত করিনি। আবার অন্যত্র বলেছেন ঃ 'সে কবেকার কথা। জল ছবির রঙ ফিকে হয়ে এলেও যা যা মনের ভিতরে তাই লিখছি। অনেক অনুষঙ্গ আজ বিলুপ্ত প্রজাতির মত লুপ্ত বিস্মৃতি।' সেই কথা স্মৃতি-বিস্মৃতি অতল থেকে তুলে এনে ধরেছেন তাঁর এই গ্রন্থের মধ্যে। তাঁর কথায়—'ইতিহাসের কুশীলবদের কাছ থেকে দেখেছি, মনে রেখেছি—এটাই আমার স্মৃতির ভান্ডারকে সমৃদ্ধ করেছে।' ইতিহাসের এই কুশীলবেরা হলেন—নেতাজী সুভাষ, ত্রিদিব চৌধুরী, সৌমেন ঠাকুর, এ. কে ফজলুল হক, সৈয়দ বদরুদ্দোজা, কাশিমবাজারের মহারাজা, দাদাঠাকুর, কবি নজরুল, শরৎচন্দ্র বসু, অটলবিহারী বাজপেয়ী, জ্যোতি বসু, অধ্যক্ষ হুইলার সাহেব, নলিনীরঞ্জন সরকার, সুনীতি চট্টোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, নীরোদ চৌধুরী এবং আরো অনেক উজ্জ্বল মনীষা। গ্রন্থে রেজাউল করিমের নামোল্লেখ থাকলেও তাঁর সম্পর্কে একটি লেখা থাকলে ভালো হতো। মুর্শিদাবাদ জেলার অলিতে গলিতে ইতিহাস ছড়ানো ছিটানো। বহরমপুর তার সদর শহর। ব্রহ্মপুর নাম থেকে সাহেবদের বিকৃত উচ্চারণে বহরমপুর নামটি এসেছে বলে লেখক মনে করেন। এই বহরমপুরে প্রতিষ্ঠিত হয়েছে ভারতবর্ষের প্রাচীনতম বিচারালয়—জজ কোর্ট। গোরাবাজার ছিল সেকালের গোরা সৈন্যদের খিদমগদার। এ সব ঘটনা উল্লেখ করে তিনি বলেন ঃ এ সব তথ্য 'ভবিষ্যতে ইতিহাসের উপাদান হিসাবে রইলো যদি কারো কাজে লাগে।' ব্যক্তি ও ব্যক্তিত্ব ছাড়াও আরো কয়েকটি লেখা এর মধ্যে সন্নিবেশিত আছে যা অনেকের কাছে অজানা। বহরমপুরের বেশ কিছু একান্নবর্ত্তী পরিবারের বিলুপ্তি ; খাগড়ার পটল ওস্তাদের বিখ্যাত ছানাবড়ার ইতিকথা। তাঁর "হারিয়ে 'যাওয়ার' কথা" লেখাটির শেষাংশের বর্ণনা ভারি সুন্দর কাব্য সুষমা মন্ডিত যেখানে তিনি ফেলে আসা বালককালের একটা স্মৃতি রোমন্থন করতে গিয়ে নষ্টালজিয়া সৃষ্টি করেছেন ঃ 'সেদিনের এক বালক গতিশীল ট্রেনের কামরার ধারে দ্রুত অপসৃয়মান দৃশ্যান্তর দেখছে, নিমেষে বর্ত্তমান অতীত হয়ে যাচ্ছে, দূর অতীত ঝাপসা হয়ে গেছে। ক্রমে দৃষ্টি কুয়াশাচ্ছন্ন হয়ে পড়ল। বালক আর দেখেনা, দেখতে পারে না, দেখতে চায়ও না।' লেখকের স্মৃতিময়তা এক সময় পাঠককেও আচ্ছন্ন করে ফেলে। বর্ণনার রমণীয়তায় গ্রন্থখানির সংকলিত লেখাগুলো রম্য এবং উপভোগ্য। প্রচ্ছদ সুন্দর এবং দৃষ্টিনন্দন। ইতিহাসের তথ্য যারা খোঁজেন তাদের কাজে লাগবে। 'শ্রুতি ও স্মৃতি' গ্রন্থে লেখকের স্মৃতি সত্তার যুগ্ম প্রতিফলন ঘটেছে।

শ্রুতি ও স্মৃতি / স্বাধীন সান্যাল
সদানন্দ প্রকাশনী
৫/১ রমানাথ মজুমদার ষ্ট্রীট
কোলকাতা—৯
মূল্য—৫০ টাকা

## টেলিফোন এক্সচেঞ্জ বিকল

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ টেলি দপ্তরের অধীন সাগরদীঘির বালিয়া টেলিফোন এক্সেচেঞ্জটি গত ৭ আগষ্ট থেকে অকেজো হয়ে পড়ে আছে। এর ফলে ঐ এক্সচেঞ্জের আওতাভুক্ত প্রায় ৪১৬ জন গ্রাহক অসুবিধার মধ্যে গ্রামে দিন কাটাচ্ছেন।

## ত্রুটিপূর্ণ ডেপুটেশন দিতে গিয়ে বিজেপি বাধা পেল

নিজস্ব সংবাদদাতা : গত ৯ আগষ্ট দহরপাড়ে সুতী-২ ব্লকে ডেপুটেশন দিতে গিয়ে অফিস কর্মীদের হাতে বাধা পায় বলে বিজেপির লোকাল কমিটির পক্ষ থেকে অভিযোগ আনা হয়। অন্যদিকে সুতী-২ এর বিডিও বিদ্যুৎ সাধু জানান, 'আমার সঙ্গে আগে কোন যোগাযোগ না করে, ডেপুটেশনের বিষয়বস্তু না জানিয়ে, নির্দিষ্ট সময় না নিয়ে সম্পূর্ণ অগণতান্ত্রিকভাবে আগের দিন একটা চিঠি ডেসপ্যাচ সেকশনে ওরা ফেলে দিয়ে যান। ৯ আগষ্ট বিড়ি মুন্সীদের একটা ডেপুটেশন ছিল। এছাড়া ব্লক হেলথ কমিটির একটা সভা চল/ছিল। ঐ সময় ব্লক চত্বরে মাইক লাগিয়ে বিজেপির পক্ষ থেকে রাজনৈতিক বা আমার অফিসের কোন ত্রুটি নিয়ে শ্লোগান না দিয়ে ওরা সাম্প্রদায়িক শ্লোগান দিচ্ছিলেন। এই পরিস্থিতিতে আমি অফিস চত্বর থেকে মাইক খুলে নিয়ে যেতে বলি। তবে এ নিয়ে কোন শান্তি বিঘ্নিত হয়নি।

## জঙ্গিপুরে সরকারী কর্মচারী সংগঠন ওয়ান ইউনিটে ভাঙ্গন

নিজস্ব সংবাদদাতা : গোষ্ঠীবাজী, ব্যক্তি আক্রমণ, নিরপেক্ষতা হারানো ইত্যাদি বিভিন্ন কারণে জঙ্গিপুর মহকুমার সরকারী কর্মচারীদের সংগঠন ওয়ান ইউনিট ভেঙ্গে গেল। পূর্বতন কমিটির পদাধিকারীরা ছাড়াও গত ১১ নভেম্বর, ২০০১ জঙ্গিপুরে সংগঠনের জেলা সম্মেলনে যে নতুন মহকুমা কমিটি গঠিত হয় তার সহ সভাপতি অরুণ ব্যানার্জীও পদত্যাগ করেছেন। এছাড়া পূর্বতন কমিটির পদাধিকারী ও বর্তমান কমিটির সদস্য সুনীল ত্রিবেদী, আলাউদ্দিন বিশ্বাস, মুকুল দাস, সুবীর ধর, রতন লালা, সুধীর হালদার, এস ডি ও অফিস ইউনিটের প্রাক্তন সম্পাদক দেবাশীষ দাস, উত্তম রায়, সনাতন মণ্ডলসহ প্রায় ২৪ জন সদস্য ইউনিট ছেড়ে বেরিয়ে এলেন। এছাড়া রঘুনাথগঞ্জ-২ ইউনিটের প্রায় ৭৫ শতাংশ সদস্য, এগ্রিকালচার ইউনিটের সব সদস্যই সংগঠনের সদস্যপদ ত্যাগ করেছেন। ফরাক্কা ছাড়া মহকুমার অন্যান্য ব্লক ইউনিটেও শীঘ্র ভাঙ্গন ধরবে বলে জানা যায়। পদত্যাগী সদস্যরা গত ৯ জুন, ২০০১ জেলা সম্মেলনের অভ্যর্থনা কমিটি গঠনের দিন বর্তমান কমিটির নেতৃত্ব জেলা কমিটির সামনে সভাপতিকে সভা পরিচালনা করতে বাধা দেওয়ায় বর্তমানে ইউনিটে ভাঙ্গন ধরার অন্যতম কারণ বলে পদত্যাগীরা দাবী করেন। বর্তমান মহকুমা কমিটির সভাপতি গোলাম মোস্তফা ও সম্পাদক পাঁচকড়ি কর্মকারের প্রতি সদস্যরা একযোগে চরম অনাস্থা প্রকাশ করেন।

পশ্চিমবঙ্গ সরকার

## শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ

### সুতী-২নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

পোঃ দফাহাট ★ জেলা মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা—১৭৭ (২) তারিখ—৩১/৭/২০০২

## বিজ্ঞপ্তি

সুতী-২নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে কিছু সংখ্যক সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর অঙ্গনওয়াড়ী কর্মী এবং সহায়িকা পদে নিয়োগ করা হবে, এই মর্মে যোগ্য মহিলা প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

দরখাস্ত গ্রহণ করা হবে ১৯/০৮/২০০২ তারিখ থেকে ১৩/০৯/২০০২ তারিখ পর্যন্ত। স্থান সুতী ২নং শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ (সুতী ২নং পঞ্চায়েত সমিতি অফিস কার্যালয়ের দ্বিতল)। দরখাস্ত জমা নেওয়া হবে সকাল ১১-০০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত। শনিবার, রবিবার ও অন্যান্য সরকারী ছুটির দিন দরখাস্ত জমা নেওয়া হবে না।

দরখাস্তের বয়ান সম্বলিত কপি নিকটবর্তী গ্রাম পঞ্চায়েত অফিসে পাওয়া যাচ্ছে। বিশদ বিবরণের জন্য নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করুন।

৩১/০৭/২০০২

পার্থসারথি বসু
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
সুতী-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
দফাহাট, মুর্শিদাবাদ

## হারাইয়াছে

আমরা রোশনারা খাতুন ও হাজরা বিবি, খেজুরতলা, পোঃ গিরিয়া, মুর্শিদাবাদ; গৌড় গ্রামীণ ব্যাঙ্ক, জঙ্গিপুর শাখা থেকে কেনা আমাদের দুটি ব্যাঙ্ক সার্টিফিকেট নং C/Z A 056177 ও C/Z A 056178 (উভয়ই কুড়ি হাজার টাকার, তাং ২৯/৮/০১) হারিয়ে গেছে। এই মর্মে গত ৩/৮/০২ তারিখ জঙ্গিপুর ফাঁড়িতে একটি ডাইরীও করা হয়েছে।

**HDFC** ষ্ট্যাণ্ডার্ড লাইফ ইন্সিওরেন্স কোং লিঃ

ইনকাম ট্যাক্স এ্যাক্ট Section 88, Section 80D এবং Section 10 (10D)-র আওতায় ট্যাক্স-এ ছাড়।

*ফিনানসিয়াল কনসালট্যান্ট :—*

কিশোরকান্তি দাস (লাইসেন্স নং ৭০০৪৭৪২৪৫)

পাকুড়তলা, রঘুনাথগঞ্জ :: টেলি : ৬৬২৮৭



*আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, তসর ও গরদের ব্লাউজ পিসসহ ছাপা শাড়ী, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান। উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।*

## বাঘিড়া ননী এণ্ড সন্স

(বিজয় বাঘিড়া, শেখর ঘর)

মির্জাপুর ।। গনকর

(ফোন নং : গনকর ৬২০২৯ (এসটিডি ০৩৪৮৩)

## জেলায় শিশু চলচ্চিত্র উৎসব

নিজস্ব সংবাদদাতা ঃ আগামী ১৭ আগষ্ট থেকে ২৩ আগষ্ট মুর্শিদাবাদ জেলায় শুরু হচ্ছে 'শিশু চলচ্চিত্র উৎসব'। অনুষ্ঠানের সূচনায় ১৭ আগষ্ট বহরমপুর রবীন্দ্র ভবনে এক অনুষ্ঠানে ফিল্ম বোর্ডের ডিরেক্টর অংশ নিচ্ছেন বলে জানা যায়। জেলার মোট ২৭টি সিনেমা হলে শিশু চলচ্চিত্র প্রদর্শনীতে বিভিন্ন দেশের উল্লেখযোগ্য ছবিগুলো দেখানো হবে। জঙ্গিপুর মহকুমার ফারাক্কা রিক্রিয়েশন হল ও অপ্সরা টকীজ, ধুলিয়ানে মায়া টকীজ, অরঙ্গাবাদে শ্যামল টকীজ, রঘুনাথগঞ্জে ছায়াবাণী সিনেমা, জঙ্গিপুরে মানসী সিনেমা, সাগরদীঘি জ্যোতি প্রেক্ষাগৃহে সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত ছবি দেখানো হবে। তৃতীয় শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র ছাত্রীরা ছবি দেখার সুযোগ পাবে। এর জন্য মাথা পিছু চার টাকা ধার্য্য করা হয়েছে বলে জানা যায়।

***হাসপাতালে ওটি চালু করেন না*** ( ১ম পৃষ্ঠার পর )

যান। সখাই মন্ডল স্থানীয় এস ইউ সি পার্টির সহযোগিতায় কোর্টে ডাক্তার ও নার্সদের বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করেন। এই প্রসঙ্গে আরো জানা যায়—সি এম ও এইচ এর নির্দেশে জঙ্গিপুর হাসপাতালের বর্তমান দায়িত্বপ্রাপ্ত সুপার তথা এ সি এম ও এইচ তাপস রায় নাকি গর্ভবতী লতি মন্ডলের মৃত্যুর তদন্ত শেষ করেছেন। তবে এ ক্ষেত্রে একটি দুষ্ট চক্র বেড টিকিট পালটে দিয়ে নতুন টিকিট চালু করে ডাক্তার ও নার্সদের ত্রুটি হাল্কা করে দিয়েছে বলে হাসপাতাল ঘিরে কানাঘুষা চলছে। এখন মিঠু রায়ের ব্যাপারে তদন্ত হলে সিজারের জন্য গর্ভবতীকে বহরমপুর পাঠানোর ক্ষেত্রে কি যুক্তি খাড়া করবেন জঙ্গিপুর হাসপাতালের ভারপ্রাপ্ত সুপার ডাঃ তাপস রায় এটাই দেখার।

***সমাজবিরোধীকে নৃশংসভাবে হত্যা*** ( ১ম পৃষ্ঠার পর )

ছুরি ও বোমা মারার অভিযোগে তাকে দু'বার হাজতবাস করতে হয়। ২০০১ এ বেআইনী বন্দুক সমেত ধরা পড়ে। ২০০২ এর ফেব্রুয়ারীতে ছিনতাই করতে গিয়ে আবার বন্দুক সমেত ধরা পড়ে। পরবর্ত্তীতে নারীঘটিত অভিযোগেও তাকে গ্রেপ্তার করা হয়। চারিত্রিক ত্রুটি নাকি তার বরাবরই ছিল। গোপেনের স্ত্রী স্বামীর খুনের ব্যাপারে থানায় অভিযোগ করলেও কারো নাম উল্লেখ করেননি বলে খবর। ব্যক্তিগত আক্রোশই গোপেনের হত্যার কারণ বলে পুলিশ জানায়। কেউ গ্রেপ্তার হয়নি।

*সকলকে সাদরে আমন্ত্রণ জানাই—*

**মির্জাপুরের একমাত্র ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান**

# বাঘিড়া সরমা এণ্ড সন্স



*আর কোথাও না গিয়ে আমাদের প্রতিষ্ঠানে আসুন। এখানে উৎকৃষ্ট মানের মুর্শিদাবাদ প্রিন্ট শাড়ী, গরদ, কোরিয়াল, জ্যাকার্ড, জামদানী, তসর, কাঁথাষ্টিচ সুলভ মূল্যে পাওয়া যায়। এ ছাড়া শান্তিপুর, ফুলিয়া নবদ্বীপের তাঁতের শাড়ী ও মাদ্রাজের লুঙ্গিও পাওয়া যায়।*

গ্রাম মির্জাপুর, পোঃ গনকর, জেলা মুর্শিদাবাদ
ফোন ঃ এসটিডি ০৩৪৮৩/৬২০৬০
প্রোঃ উত্তম বাঘিড়া ও লক্ষ্মী বাঘিড়া

## সাংবাদিকতার কর্মশালা

নিজস্ব সংবাদদাতা ঃ মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের ব্যবস্থাপনায় গ্রামীণ সংবাদপত্র এবং সাংবাদিকতা বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হল গত ১১ আগষ্ট মুর্শিদাবাদ ব্রিকফিল্ড অ্যাসোসিয়েশনের হলে। জেলার বিভিন্ন সংবাদপত্র থেকে ৮০ জন সাংবাদিক এই কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালাটিতে সংযোজনার দায়িত্বে ছিলেন জেলা সাংবাদিক সংঘের সম্পাদক প্রাণরঞ্জন চৌধুরী।

## MURSHIDABAD COLLEGE OF ENGINEERING & TECHNOLOGY

**Banjetia, P.O. Cossimbazar Raj, Murshidabad**

## Quotation Notice

Sealed quotation are invited from the manufacturer / General Supplier / other agencies of Cabinet / Furniture making etc. for supply of the following furniture :—

| Description | Quantity | Rate per Unit |
|---|---|---|
| Student's Desk size 30″ × 22″ × height 30″ made of steel trame with sunmika top, one drawer on the right side. | 50 Nos. | |

Intending quotationer should submit sealed quotation alongwith I. T. / S. T. clearance certificate and credential by 18. 08. 2002, addressed to the Principal-in-Charge upto 1 P. M. Same will be opened at 2 P. M. on the same date. The authority reserves the right to accept any quotation or part of it or cancel without assigning any reason.

A. K. Bhowmik
8. 8. 02 Principal-in-Charge, M. C. E. T.

Memo No. : 502/4/En/1-4/2002 Date 8. 8. 2002

***গেরুয়াধারী সাধু না প্রতারক?*** ( ১ম পৃষ্ঠার পর )

সাতেক আগে মারা গেছেন। মা ভায়েদের আশ্রয়ে আছেন। ধর্মভীরু মা ভায়েরা সন্ন্যাসী সাধু মন্ডলের দাবী মেটাতে দিশে-হারা হয়ে জমিজমা বিক্রীর কথা ভাবছেন। অন্যদিকে গ্রামের মোড়ল মাতব্বররা—এই যে প্রকৃত গৃহত্যাগী সাধু মন্ডল, না কোন প্রতারক—এ কথা সাধুর মা ভাইদের বার বার বোঝাতে গিয়ে ব্যর্থ হয়েছেন।

দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।